

২০২১

বাংলা

এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

সপ্তম পত্র

বিশেষ পত্র : নাটক এবং নাট্যমঞ্চ

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্যায় গ্রন্থ থেকে ন্যূনতম একটি করে

মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

পর্যায় গ্রন্থ : ১

- ১। ‘কুলীনকুলসর্বস্ব’ নাটকে নারী চরিত্রগুলি উপস্থাপনায় রামনারায়ণ তর্করত্ন যে সাফল্যের পরিচয় দিয়েছেন তার কারণ নির্দেশ করে কয়েকটি নারী চরিত্রের পরিচয় দাও।

অথবা

‘কুলীনকুলসর্বস্ব’ নাটকটির নামকরণ কতদূর সার্থক হয়েছে তা আলোচনা করে দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও। ১৫

- ২। ‘সধবার একাদশী’ কোন্ জাতীয় রচনা? নাট্যকার যে সমাজচিত্র তুলে ধরেছেন তা আলোচনা করো।

অথবা

‘সধবার একাদশী’ নাটকে নাট্যকার যে কৌতুকভাবনার উল্লেখ করেছেন তা নিজের ভাষায় উল্লেখ করো। ১৫

পর্যায় গ্রন্থ : ২

- ৩। ঐতিহাসিক সার্থক ট্রাজেডি নাটক হিসেবে ‘কৃষ্ণকুমারী’ কতদূর সার্থক তা আলোচনা করো।

অথবা

‘কৃষ্ণকুমারী’ নাটকে রাজপুত্র জাতির যে উগ্রচিত্র নাট্যকার উল্লেখ করেছেন, তা নিজের ভাষায় উল্লেখ করো। ১৫

- ৪। ‘আলিবাবা’ নাটকে কৌতুকরসের যে পরিচয় পাওয়া যায় তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

‘আলিবাবা’ নাটকে ‘আবদালা’ চরিত্রটি, আবিচারের শিকার—অভিমতটির ব্যাখ্যা করো। ১৫

পর্যায় গ্রন্থ : ৩

- ৫। ‘রথের রশি’ নাটকে শোষিত, বঞ্চিত ও অস্বাভাবিক মানুষের ক্ষমতায়ন ঘটেছে— তা আলোচনা করো।

অথবা

রবীন্দ্রনাথ ‘রথের রশি’ নাটকে যে সমাজভাবনার সঙ্গে ইতিহাসের মেলবন্ধন ঘটিয়েছেন— তা ব্যাখ্যা করো। ১৫

- ৬। গণনাট্যে না থেকেও বিজন ভট্টাচার্যের ‘দেবীগর্জন’ নাটকটির মধ্যে দিয়ে শোষিত গণের কথাই তুলে ধরেছেন — আলোচনা করো।

অথবা

‘দেবীগর্জন’ নাটকে লোকায়ত প্রভাব কতটা আলোচনা করো।

১৫

পর্যায় গ্রন্থ : ৪

- ৭। ‘সিরাজদ্দৌলা’ নাটকে নাট্যকার শচীন্দ্রনাথ সেনগুপ্তের কৃতিত্ব কোথায়?— আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

‘সিরাজদ্দৌলা’ নাটকে ট্র্যাজেডি কার? দেশের না ব্যক্তি সিরাজের? তোমার অভিমতের সমর্থনে যুক্তি দাও। ১৫

- ৮। একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে ‘রাজপুরী’ একাঙ্ক নাটকের সার্থকতা বিচার করো।

অথবা

‘দেবী’ একাঙ্ক নাটকের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে সত্যিকারে দেবীদর্শন বলতে কী বুঝিয়েছেন, তা আলোচনা করো। ১৫